



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/

তারিখ :

বিষয় : নিম্ন মাধ্যমিক পর্যায়ে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান

সূত্র : ক) শিক্ষা মন্ত্রণালয়ের ২৬ ফেব্রুয়ারি ২০১৫ খ্রি. তারিখের নং ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০৭১.১৩/৮৫ স্মারক পত্র  
খ) প্রধান শিক্ষকের ১১-০৩-২০১৫ তারিখের আবেদন

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার কুষ্টিয়া সদর উপজেলাবীন মিশন নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধের শর্তে ০১-০১-২০১৫ খ্রি. তারিখ হতে ৩১-১২-২০১৭ খ্রি. তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য নিম্ন মাধ্যমিক পর্যায়ে প্রাথমিক পাঠদানের অনুমতি মঞ্জুরী কমিটির অনুমোদন সাপেক্ষে প্রদান করা হ'ল-

শর্তসমূহ

- ১। নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে
- ২। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে NTRCA আইন-২০০৫ অনুসরণ করতে হবে এবং শিক্ষক নিয়োগের ক্ষেত্রে মহিলা কোটা অবশ্যই পূরণ করতে হবে
- ৩। প্রাথমিক পাঠদানের অনুমতিকে কোন অবস্থাতেই স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না
- ৪। উক্ত মেয়াদের মধ্যে স্বীকৃতি প্রাপ্তির সকল শর্ত পূরণে ব্যর্থ হলে এই অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। সেক্ষেত্রে উক্ত বিদ্যালয় পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদী পরিচালনা থেকে বিরত থাকতে হবে
- ৫। শিক্ষা মন্ত্রণালয়ের ১৬-০৬-২০০৯ খ্রি. তারিখের এস.আর. ও নং ১৫৩/আইন/২০০৯ নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে
- ৬। জে.এস.সি পরীক্ষার ফল সংখ্যাগত ও গুণগতভাবে সন্তোষজনক করতে হবে
- ৭। সিলেবাস অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে
- ৮। বোর্ডের পূর্বনুমতি ছাড়া সংরক্ষিত তহবিলের অর্থ কোনক্রমেই উত্তোলন করা যাবে না
- ৯। জাতীয় দিবসসমূহ উদযাপন এবং ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের আয়োজন করতে হবে
- ১০। লাইব্রেরিতে পুস্তক সংখ্যা কাম্য পরিমাণে বৃদ্ধি করতে হবে
- ১১। বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধানসমূহ সংগ্রহ ও অনুসরণ করতে হবে

গ

(মোল্লা আমীর হোসেন)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১- ৬৮৬৩৪

মোবাইল ০১৭৩৩-২২২০০৫

e-mail : is@jessoreboard.gov.bd

প্রধান শিক্ষক

মিশন নিম্ন মাধ্যমিক বিদ্যালয়

ডাকঘর : কুষ্টিয়া, উপজেলা : কুষ্টিয়া সদর, জেলা : কুষ্টিয়া

স্মারক নং-বিঅ-৬/ ৫৪৪(১০)

তারিখ : ১৪/০৩/১৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ২। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪। উপ-পরিচালক(মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৭। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া
- ৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া
- ৯। পি. এস. টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ১০। সংরক্ষণ নথি

(উ. মোঃ আহসান হাবীব)

উপ-বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

১৪/০৩/১৫